



কলকাতায় মারা গেলেন ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক রোটন



ছবি: সংগৃহীত

ফুসফুসের ক্যান্সাসের সঙ্গে দীর্ঘ লড়াইয়ের অবসান ঘটিয়ে মারা গেছেন বাংলাদেশ ছাত্রলীগের সাবেক কেন্দ্রীয় সাধারণ সম্পাদক মাহফুজুল হায়দার চৌধুরী রোটন। শনিবার (১০ অক্টোবর) সকাল ৭টার দিকে ভারতের কলকাতার একটি হাসপাতালে তাঁর মৃত্যু হয়। দীর্ঘদিন ধরে সেখানে চিকিৎসা নিচ্ছিলেন তিনি। রোটনের মৃত্যুর খবর সামাজিক যোগাযোগমাধ্যমে জানান আওয়ামী লীগের ত্রাণ ও সমাজকল্যাণবিষয়ক সম্পাদক মোহাম্মদ আমিনুল ইসলাম। শোক প্রকাশের পাশাপাশি ছাত্রলীগের রাজনীতিতে রোটনের সঙ্গে কাজ করার অভিজ্ঞতাও তুলে ধরেন তিনি।

আমিনুল ইসলাম লিখেন, ১৯৯৬ সালের আন্দোলনে ঢাকা শহরের বিভিন্ন কর্মসূচি ও সংগ্রামে তাঁরা একসঙ্গে অংশ নিয়েছিলেন। ছাত্ররাজনীতির সেই সময়ের স্মৃতি স্মরণ করে তিনি রোটনের মৃত্যুতে শোক জানান এবং শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন।

চিকিৎসার জন্য দুই বছরেরও বেশি সময় ধরে কলকাতায় ছিলেন রোটন। ফুসফুসের ক্যান্সারে আক্রান্ত এই নেতার শারীরিক অবস্থার অবনতি হলে গত ৪ অক্টোবর রাতে তাঁকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) নেওয়া হয়। পরে সেখানেই তাঁর মৃত্যু হয়।

রোটন ২০০৬ থেকে ২০১১ সাল পর্যন্ত তৎকালীন বাংলাদেশ ছাত্রলীগের কেন্দ্রীয় সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। ওই সময় সংগঠনটির কেন্দ্রীয় সভাপতি ছিলেন মাহমুদ হাসান রিপন।

ছাত্রলীগের দায়িত্ব ছাড়ার পরও আওয়ামী লীগের রাজনীতিতে সক্রিয় ছিলেন রোটন। ২০১৮ সালের জাতীয় সংসদ নির্বাচনে চট্টগ্রাম-৬ (রাউজান) আসন থেকে আওয়ামী লীগের মনোনয়ন পেতে ফরম সংগ্রহ করেছিলেন তিনি। ২০২১ সালে দলটির শ্রম ও জনশক্তিবিসয়ক উপকমিটির সদস্য হিসেবেও তাঁর নাম অন্তর্ভুক্ত করা হয়।